উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/হালু/স্থায়ী কমিটি/২০২২-০২ তারিখঃ ০৩/০১/২০২২ খ্রিঃ।

# সভার নোটিশ

হালুয়াঘাট উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১১/০১/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত স্থায়ী কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচি ঃ

১। কৃষি বিভাগীয় কার্যক্রম ও সেচ অবকাঠামো সংক্রান্ত।
২। বিবিধ।

০৩/০১/২২
(শাখাওয়াত হোসেন ফকির)
উপজেলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৫। উপ-সহকারী প্রকৌশলী (সেচ), হালুয়াঘাট, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, ধারা/ ধুরাইল ইউ.পি.।
৭। জনাব .......................উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ।

## কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব শাখাওয়াত হোসেন ফকির, উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ১১/০১/২০২২খ্রিঃ, সময় ঃ দুপুর১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিতসদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব কে হালুয়াঘাট উপজেলায় কৃষি ও সেচ কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সভাপতি জানান যে কৃষক পর্যায়ে উৎপাদিত শীতকালীন সবজি বাজার জাত করণের জন্য ব্যবসাহিক উদ্যোগ গ্রহনের মধ্যমে সুযোগ সৃষ্টিতে ভূমিকা রাখবে এর ফলে কৃষক তার উৎপাদিত ফসলের ন্যায্য দাম পবে ।ক. জনাব মোঃ মাসুদুর রহমান, উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট জানান যে, হালুয়াঘাট উপজেলার ১২টি ইউনিয়নে আমন ধানের কর্তন কাজ চলছে এবং আগামী ১০-১৫ দিনের মধ্যে কর্তন কাজ শেষ হবে। তবে এ বৎসর বুকভরা আশা করছি যে বোরো ধানের বাম্পার ফলন হবে। তিনি আরও জানান যে, গত বৎসর জাইকা প্রকল্প থেকে উপজেলা পরিষদের মাধ্যমে উপজেলা কৃষি অফিস একটি ট্রেনিং করেছিল। তবে এ বৎসর আরও একটি ট্রেনিং করতে পারলে অত্র এলাকার কৃষকগণ অনেক উপকৃত হবে। তাছাড়া এ বৎসর চিকন ইউরিয়া সারের বরাদ্দ নেই। তবে চিকন ইউরিয়া সারের চেয়ে মোটা ইউরিয়া সার অনেক ভালো। তাছাড়া প্রত্যেক সার ডিলারগণের দোকানে প্রচুর পরিমাণে সার রয়েছে। ডিলারগণকে মূল্য তালিকা টানিয়ে সার বিক্রি করতে নির্দেশনা প্রদান হয়েছে। তাছাড়া সারের মজুদ সন্তোষজনক এবং তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।<br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, আসন্ন বোরো মৌসুমে হালুয়াঘাটে উপজেলায় সারের যাতে কৃত্রিম সংকট না হয় এ ব্যাপারে বিশেষ নজরদারি বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান।<br>গ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোসহ খুচরা ব্যবসায়ী ও ডিলারগণ যাতে কারসাজির মাধ্যমে সারের মূল্য বাড়াতে না পারে এ ব্যাপারে নজরদারি বৃদ্ধি করার জন্য সকল ইউ.পি. চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, গ্রামগঞ্জে অনেক সময় উৎপাদিত ফসল যেমন শীতকালীন সবজি নষ্ট হয় এজন্য আমাদেও ব্যবস্থা গ্রহণ করতে হবে দেখা দেয় এ ব্যাপারে তিনি দ্রুত সময়ের কৃষককে দ্রুত পরামর্শ দিয়ে সাহায্য করার জন্য প্রস্তাব করেন। | ১.গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে।<br>২.ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।<br>৩. সভাপতি এগ্রিমল/কৃষি পণ্যের বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজন্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করেন।<br>৪. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>৬. বন্যার পানি সরে গেলে ক্ষতিগ্রস্ত কৃষকদের পুনর্বসিনের জন্য প্রয়োজনীয় কৃষি উপকরণ মজুদ রাখতে হবে।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষি ও কৃষক এই দুয়ের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে এর বিস্তার বাড়ানোর ব্যাপারে সভায় সিদ্ধান্ত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১১/০১/২২
(শাখাওয়াত হোসেন ফকির)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হালুয়াঘাট।
তারিখঃ ১১/০১/২০২২ খ্রিঃ

স্মারক নং-কৃষি ও সেচ/হালু/২০২২- 20

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান..........................................ইউপি, হালুয়াঘাট, ময়মনসিংহ।

11.01.22
(মোঃ মাসুদুর রহমান)
উপজেলা কৃষি অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ।

১১/০১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত
সদস্যবৃন্দের স্বাক্ষরশীট ঃ

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট | সভাপতি | |
| ২. | উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট | সদস্য-সচিব | |
| ৩. | চেয়ারম্যান, ধুরাইল ইউ.পি. হালুয়াঘাট | সদস্য | |
| ৪. | চেয়ারম্যান, ধারা, ইউ.পি. হালুয়াঘাট | সদস্য | |
| ৫. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হালুয়াঘাট | সদস্য | |
| ৬. | উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, হালুয়াঘাট | সদস্য | |